

## মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশী প্লাজা (৭ম তলা)  
বড় মগবাজার, রমনা ঢাকা-১২১৭।

### ২০২৩-২০২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ কমিটির ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	: জনাব মোঃ নূরে আলম মেহেদী, পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ বিভাগ), এমআরএ
সভার তারিখ	: ৫ সেপ্টেম্বর ২০২৩
সভার সময়	: ১১:০০ ঘটিকা
স্থান	: এমআরএ'র সম্মেলন কক্ষ
উপস্থিতি	: সভায় উপস্থিত সদস্যদের তালিকা <b>পরিশিষ্ট-“ক”</b>

#### সভার আলোচ্য বিষয়সমূহঃ

- ১। ২০২৩-২০২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার বাস্তবায়ন পরিকল্পনা।
- ২। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) হালনাগাদকরণ।
- ৩। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) সম্পর্কিত প্রশিক্ষণ/অবহিতকরণ সভা আয়োজন।
- ৪। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ কমিটি হালনাগাদকরণ।


সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমে এমআরএ-এর ২০২২-২০২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন অর্জন ও ২০২৩-২০২৪ অর্থবছরের অথরিটির সেবা প্রদান প্রতিশ্রুতির লক্ষ্যমাত্রাগুলো নিয়ে আলোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

কার্যক্রম/আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
[১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন	[১.১.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন হওয়ায় কমিটি সন্তোষ প্রকাশ করে।	সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ বিষয়ক কমিটি
[১.২] সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ	[১.২.১] ওয়েবসাইটে প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।	লক্ষ্যমাত্রা অনুসারে সেবা প্রদান প্রতিশ্রুতির ১ম ত্রৈমাসিকের হালনাগাদ তালিকা ২৮ জুন ২০২৩ তারিখের মধ্যে ওয়েবসাইটে আপলোড করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ বিষয়ক কমিটি
[২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন	[২.১.১] ২০২৩-২০২৪ অর্থবছরে লক্ষ্যমাত্রা অনুসারে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার সম্পন্ন করতে হবে।	প্রশিক্ষণ সেল
[২.২] সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	[২.২.১] স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	লক্ষ্যমাত্রা অনুযায়ী স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা সম্পন্ন করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ বিষয়ক কমিটি
[২.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন	[২.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন বিষয়ে আলোচনা করা হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি পুনর্গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ বিষয়ক কমিটি




২। উল্লেখ্য, ২০২১-২০২২ অর্থবছর হতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর সাথে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা সংযুক্ত করা হয়েছে। অর্থাৎ সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন এর উপর বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তির অর্জন অনেকাংশে নির্ভরশীল। এক্ষেত্রে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুসারে সকল সূচক অর্জন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অধিকতর তৎপর হতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি করা হয়।




(মোঃ নূরে আলম মেহেদী)

পরিচালক

স্মারক নম্বরঃ ৫৩.০৪.০০০০.০০১.৩৬.০৬৯.২২, ২৬-২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. পরিচালক, প্রশাসন ও মানব সম্পদ বিভাগ ও সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ কমিটি, এমআরএ
২. উপপরিচালক, প্রশাসন শাখা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ কমিটি, এমআরএ
৩. উপপরিচালক, সনদ শাখা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ কমিটি, এমআরএ
৪. উপপরিচালক, মানবসম্পদ শাখা ও ফোকাল পার্সন, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ কমিটি, এমআরএ
৫. পিএস টু এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, এমআরএ, মগবাজার, ঢাকা (ইভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. সহকারী পরিচালক, প্রশিক্ষণ শাখা ও বিকল্প ফোকাল পার্সন, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ কমিটি, এমআরএ
৭. নির্বাহী পরিচালকের ব্যক্তিগত সহকারী, এমআরএ, মগবাজার, ঢাকা (নির্বাহী পরিচালক মহোদয়গণের সদয় অবগতির জন্য)
৮. অফিস কপি।



(জিনাত আমান বন্যা)

উপপরিচালক